PURULIA TOWN P.S. * DIST- PURULIA (W.B.)

32707045240082

W.B. Form No. 27

# FIRST INFORMATION REPORT

282

First Information of a cognizable crime reported under section 154 Cr. P.C. at P.S.

1. Dist. Purulia Sub Div. Sadar P.S. Purulia (T) Year 2024 FIR No. 82/24 Date 8/04/24
2. i) Act IPC Sections 419/420/468/120B/34/506 Sections
   ii) Act Sections Other Acts & Sections
3. a) General Diary Reference: Entry No. 564 Time at 16:30 h
   b) Occurrence of Offence: Day In the year of 2023 after some days of Durgapuja,
   c) Information received Date 08/04/24 Time at 16:30 h G.D. No. 564 at the P.S.
4. Type of Information: Written/Oral (typed)
5. Place of Occurrence: a) Direction and Distance from P.S. North-west from PS approx - 1½ K.m Jeepsb
   b) Address Residence of Barnali Sutta, at near Science Museum, Saheb Bandh, PS- Purulia (T), Dist- Purulia Beat No. Ward No. 03,
   c) In case outside limit of this Police Station, then name of P.S. — District —
6. Complainant / Informant:
   a) Name: Sisir Roy
   b) Father's / Husband's Name Lt Ram Charan Roy
   c) Date / Year of Birth 50 yrs approx d) Nationality Indian
   e) Address of Dumurdih, PS- Joypur, Dist- Purulia
7. Details of known/suspected/unknown accused with full particulars
   (Attach separate sheet, if necessary):
   ① Barnali Sutta D/o- Not noted of near Science Museum, Saheb Bandh, PS- Purulia (T), Dist- Purulia
   ② Bikash Mukherjee S/o- Not noted of Dumurdih, PS- Joypur, Dist- Purulia,
   ③ Baby Mukherjee W/o- Bikash Mukherjee of do,
8. Reasons for delay in reporting by the complainant / informant —
9. Particulars of properties stolen / involved (Attach separate sheet, if required):
10. Total value of property stolen / involved:
11. Inquest Report / U.D. Case No., if any:
12. F.I.R. Contents (Attach separate sheets, if required): The original written complaint of the Complainant which is treated as F.I.R is attached herewith.

(Signature) 8/04/24
Inspector-in-Charge
Purulia Town P S
Purulia

13. Action taken: Since the above report reveals commission of offence(s) u/s 419/420/468/120B/34/506 IPC registered the case and took up the investigation / directed LSI Iti Neogi to take up the investigation/transferred to P.S. on point of jurisdiction. FIR read over to the Complainant/informant, admitted to be correctly recorded and a copy given to the Complainant/informant free of cost.

শিশির রায়

Signature/Thumb impression of the Complainant/informant

(Signature) 8/04/24
Signature of the Officer-in-Charge, Police Station with
Inspector-in-Charge
Purulia Town P S
Purulia
Name BISWAJIT SARKAR
Rank SI of Police, Purulia (T) P.S
No. (if any) DIST- Purulia,

To
The Inspector-in-Charge
Purulia Town PS
Dist- Purulia

আমি শিশির রায় (50 আনুমানিক) পিতা মৃত রাম চরণ রায় , সাং ডুমুরডিহি থানা – জয়পুর, জেলা – পুরুলিয়া, এই মর্মে জানাচ্ছি যে, গত বছর (2023 সাল) দুর্গাপূজার কিছু দিন পরে আমাদের পাশের বাড়ির বিকাশ মুখার্জী আমাকে বলে যে তৃণমূল কংগ্রেসের জেলার জেনারেল সেক্রেটারি বর্ণালী দত্ত আসবে, হিউম্যান রাইটস এর সভা হবে। তোমাকে সেই মিটিং এ সভাপতি হতে হবে। এরপর একদিন বিকাশ মুখার্জী আমাকে তার বাড়িতে যেতে বলে, সেখানে গেলে আমাকে বিকাশ মুখার্জী ও তার স্ত্রী ববি মুখার্জী একজন মহিলার সাথে পরিচয় করিয়ে দেয়, বলে যে তিনি খুব ভালো ও পলিটিকাল ভাবে খুব শক্তিশালী মহিলা, জেলার তৃণমূল এর জেনারেল সেক্রেটারি, এবং জেলা হিউম্যান রাইটস এর সভাপতি, এনার নাম বর্ণালী দত্ত। বিকাশ মুখার্জী আমাকে বলে যে তোমার ভাগনা দুটা তো বেকার, চাকরি করার ইচ্ছে আছে কি, থাকলে বর্ণালী দি কে ধরো। হাসপাতালে চাকরী হচ্ছে। আমি বললাম, তাহলে তো ভালই হয়, কি করতে হবে। তখন বর্ণালী দত্ত নামের মহিলা বলেন, বিকাশ তুমি ওনাকে নিয়ে কয়েকদিন পরে আমার বাড়িতে এসো। সাথে টাকা পয়সা নিয়ে আসতে বলো। তারপর আমি কিছু কথা বলে ওদের বাড়ি থেকে চলে আসি। তারপর কয়েকদিন পরে , বিকাশ মুখার্জী আমাকে পুরুলিয়া শহরে সাহেব বাঁধ এর সায়েন্স মিউজিয়াম এর কাছে বর্ণালী দত্তর ফ্ল্যাট বাড়িতে নিয়ে আসে।সেখানে বর্ণালী দত্ত বলে যে, কোনো চিন্তা করো না, আপাতত প্রত্যেক ক্যান্ডিডেট এর জন্য 60000/- হাজার টাকা করে লাগবে। তারপর চাকরি হয়ে গেলে বাকি 90000/ টাকা করে লাগবে।

আমি তখন সরল বিশ্বাসে দুই ভাগনার মানে আলহাদ রায় পিতা – রামপদ রায় সাং – ডুমুরদিহি থানা জয়পুর ও অমরনাথ রায় পিতা – দীপক রায় সাং – আনন্দবাজার , থানা – ঝালদা, জন্য মোট 50,000/- টাকা বর্ণালী দত্তকে দিই। এছাড়াও আমার ভিক্ষা ছেলে, সুমন ব্যানার্জি পিতা – সাধন ব্যানার্জি সাং – তালতল, থানা– জয়পুর এর চাকরির জন্য আরও 20000/- টাকা দিয়ে দি বর্ণালী দত্তকে, তিনি আমাকে আশ্বাস দেন, খুব তাড়াতাড়ি তোমার ভাগ্নেদের চাকরি হবে। তারপর আমি PhonePe র মাধ্যমে, একবার 20000/-, একবার 10,000/- ও আরও কিছু টাকা দিই বর্ণালী দত্তর কথা মতো তার পাঠানো ফোন নম্বর অনুসারে পাঠিয়ে দিই চাকরির আশায়। এর পর কিছুদিন পরে, আবার বিকাশ মুখার্জী ও ববি মুখার্জীর কথামত, বর্ণালী দত্তর ফ্ল্যাটে এসে আরো 55000/- টাকা দিই, আমার শালা অসীম রায় এর বউ ও ভক্ত মন্ডলের ছেলে বউয়ের জন্য, ICDS সেন্টার এ চাকরি হবে বলে। কিন্তু চাকরি হয়নি।

শিশির রায়

তারপর আমি দিনের পরে দিন বিকাশ মুখার্জী, তার স্ত্রী ববি মুখার্জীর কাছে যাই, তারা বলে টাকা তো বর্ণালী দি কে দিয়ে দিয়েছি, তোমার সামনেই তো টাকা বর্ণালী দি নিলো, এখন আমরা কিছু করতে পারব না। তারপর বর্ণালী দত্তর বাড়িতে এসে আমি টাকা পয়সা ফেরত দেওয়ার কথা বলি, তখন বর্ণালী দত্ত বলে, চাকরি যদি না নাও, তবে নাম লেখালে কেন, আমি তো টাকা অন্য টেবিলে ফেলে দিয়েছি, এখন টাকা পেতে লেট হবে। এভাবে আমাকে দিনের পর দিন ঘুরাতে থাকে, ফেরত দেবে বলেও দেয় না। আমাকে বলে, তুমি আমার কিচ্ছু করতে পারবে না, আমার গ্রুপে অনেক লোক আছে, তোমার কিন্তু ক্ষতি হয়ে যাবে। বর্ণালী দত্ত, বিকাশ মুখার্জী, ববি মুখার্জী হিউম্যান রাইটসের কাগজ ও তৃণমূল কংগ্রেসের কাগজ জাল করে সেসব দেখিয়ে আমার বিশ্বাস উৎপাদন করে। তারা জালিয়াতি করে মানুষকে ঠকিয়ে চাকরি দেবার নাম করে লাখ লাখ টাকা প্রতারণা করেছে । তারপর খোঁজ খবর নিয়ে আমি জেনেছি বর্ণালী দত্ত ও তার লোকেরা আরো অনেকের কাছ থেকে এভাবে ভুল বুঝিয়ে চাকরি দেবে বলে টাকা নিয়েছে, লোক জন তাদের ভয়ে মুখ খুলছে না। তারা চাকরি দেবার নাম করে বিরাট চক্র চালাচ্ছে।

আমার সঙ্গে বর্ণালীর, বিকাশ এবং ববি, এদের সঙ্গে ফোনে অনেক কথোপকথন হয়েছে এই ব্যাপারে এবং হোয়াটস্যাপ অনেক চ্যাট ও আছে এই চাকরি সংক্রান্ত ব্যাপারে তাই আমি ওদের মোবাইল নাম্বারগুলো এবং আমার নাম্বারটা আপনাদের তদন্তের স্বার্থে আমার অভিযোগপত্রে দিলাম। বর্ণালী দত্ত-8918507584, বিকাশ মুখার্জী-8637078993, ববি মুখার্জী-89186349219, শিশির রায়-7001798815 ।

যাহাতে উক্ত ব্যক্তিদের বিরুদ্ধে আইনত সাজা হয় তাহার সঠিক তদন্ত করে বাধিত করুন।

Received on 8/04/24 at 16:30 hrs
and started Purulia (T) P.S Case
No- 82/24 dt 8/04/24,
u/s- 419/420/468/120B/34/506 IPC

[signature] 8/04/24.
Inspector-in-Charge
Purulia Town P S
Purulia

বিনীত

শিশির রায়